Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**বিআরপিডি সার্কুলার লেটার নং- ১১**

তারিখ: **১১** ফেব্রুয়ারি ২০২১
২৮ মাঘ ১৪২৭

**ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**<u>কোভিড-১৯ মোকাবেলায় ভ্যাকসিন নিবন্ধন সম্পন্ন করা প্রসঙ্গে।</u>**

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখা এর ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখের পত্র নং-৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.২৭ ও তদ্‌সংযুক্ত 'ওয়েব পোর্টাল ব্যবহার সহায়িকা' এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

২। অগ্রাধিকার ভিত্তিতে ভ্যাকসিন প্রাপ্তির লক্ষ্যে সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী https://www.surokkha.gov.bd লিংক-এ প্রবেশপূর্বক আপনাদের ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের নিবন্ধন সম্পন্ন করার জন্য পরামর্শ প্রদান করা হলো। উক্ত লিংক-এ নিবন্ধন সম্পন্ন করার ক্ষেত্রে এতদ্‌সঙ্গে সংযুক্ত 'ওয়েব পোর্টাল ব্যবহার সহায়িকা' অনুসরণ করার জন্যও পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ ০৯ (নয়) পাতা।

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.২৭

তারিখ: ২৪ মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **কোভিড-১৯ মোকাবেলায় ভ্যাকসিন নিবন্ধন লিংক অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কোভিড-১৯ মহামারী মোকাবেলায় স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত লিংক-এ প্রবেশপূর্বক নিবন্ধন সম্পন্ন করার নিমিত্ত তাঁর আওতাধীন প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীদের সদয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ওয়েবসাইট লিংকঃ https://www.surokkha.gov.bd

সংযুক্তিঃ ওয়েব পোর্টাল ব্যবহার সহায়িকা।

৭-২-২০২১
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব
ফোন: ৯৫৫৯১০৯
ইমেইল: ds.admin@fid.gov.bd

বিতরণ :
১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।
২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সকল কর্মকর্তা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১৫.২০.২৭/১

তারিখ: ২৪ মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭-২-২০২১
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব

কোভিড-১৯ ভ্যাকসিন ম্যানেজমেন্ট সিস্টেম [ সুরক্ষা ]

www.surokkha.gov.bd

# Web Portal User Manual

# ওয়েব পোর্টাল ব্যবহার সহায়িকা

কারিগরি সহযোগিতায়


তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

DIGITAL BANGLADESH
Skilled • Equipped • DigitalReady

ICT DIVISION
FUTURE IS HERE

DoICT

**সুরক্ষা** (www.surokkha.gov.bd) ওয়েব পোর্টালে প্রবেশ করলে নিচের চিত্র-১ এর মত হোম স্ক্রিন দেখা যাবে।




চিত্র-১

চিত্র-১ এ উল্লেখিত ১ থেকে ৫ অংশের বর্ণনা নিচে দেওয়া হল-

১ চিত্র-১ এ চিহ্নিত অংশ-১: নেভিগেশন মেনু হতে হোম, নিবন্ধন, নিবন্ধন স্ট্যাটাস, টিকা কার্ড সংগ্রহ, সহায়িকা ও সচরাচর জিজ্ঞাসা অংশে প্রবেশ করা যাবে।


২ চিত্র-১ এ চিহ্নিত অংশ-২: এর মাধ্যমেও নিবন্ধন, নিবন্ধন স্ট্যাটাস, টিকা কার্ড সংগ্রহ, সহায়িকা ও সচরাচর জিজ্ঞাসা অংশে প্রবেশ করা যাবে।

৩ চিত্র-১ এ চিহ্নিত অংশ-৩: এই অংশে স্বাস্থ্য বিষয়ক গুরুত্বপূর্ণ হটলাইন নম্বর পাওয়া যাবে। যেমন- স্বাস্থ্য বাতায়ন, আইইডিসিআর, কোভিড-১৯ টেলিহেলথ, মা টেলিহেলথ ইত্যাদি।

৪ চিত্র-১ এ চিহ্নিত অংশ-৪: এই অংশে কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণের প্রক্রিয়া বা ধাপসমূহ সম্পর্কে জানা যাবে।

৫ চিত্র-১ এ চিহ্নিত অংশ-৫: এই অংশে Android Play Store বা Apple App Store বাটন হতে মোবাইল আপস ডাউনলোড করে এই পোর্টালের সকল কার্যক্রম সম্পাদন করা যাবে।

## কোভিড-১৯ ভ্যাকসিন পেতে "**সুরক্ষা**" সিস্টেমে অনলাইনে নিবন্ধন ও করণীয়



## নিবন্ধন

প্রথমে **সুরক্ষা** (www.surokkha.gov.bd) ওয়েব পোর্টালে প্রবেশ করতে হবে অথবা Android Play Store বা Apple App Store হতে মোবাইল আপস ডাউনলোড করতে হবে।


"**নিবন্ধন**" বাটনে ক্লিক করলে নিচের মত স্ক্রিন আসবে, এখান থেকে "**ধরণ**" নির্বাচন করুন।


**পরিচয় যাচাই**

ধরণ নির্বাচন করুন:

--নির্বাচন করুণ--

"**ধরণ**" নির্বাচনের পর নিচের মত স্ক্রিন আসবে, এখানে জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্মতারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) ও ক্যাপচা কোড দিয়ে "**যাচাই করুণ**" বাটনে ক্লিক করতে হবে।


**পরিচয় যাচাই**

ধরণ নির্বাচন করুন: সরকারি স্বাস্থ্য কর্মীগণ

উপ-শ্রেণী নির্বাচন করুন: চিকিৎসক

জাতীয় পরিচয়পত্র নম্বর: উদাহরণ- 19825624603112948

জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): উদাহরণ - 01/01/1976


u 6 B 0 X U

উপরের লিখাটি সঠিকভাবে নিচে লিখুন

u6B0XU

যাচাই করুণ

জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্মতারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) ও ক্যাপচা কোড সঠিক হলে নিচের মত নাম ও ইংরেজি নাম প্রদর্শন করবে। এখানে মোবাইল নম্বর প্রদান করুণ (এই মোবাইল নম্বরে OTP ও ভ্যাকসিনের তথ্য SMS করা হবে)।


**নিবন্ধনকারীর তথ্য**

নাম (বাংলা): মোঃ আমিনুল হক শুভ

নাম (ENGLISH বড় অক্ষরে): MD. AMINUL HOQUE SHUVO

মোবাইল নম্বর: উদাহরণ- 01712000000

এ পর্যায়ে নিচের স্ক্রিনে "**দীর্ঘমেয়াদী রোগ / কো-মরবিডিটি**" থাকলে তা নির্বাচন করুণ।

**দীর্ঘমেয়াদী রোগ / কো-মরবিডিটি**

উচ্চরক্তচাপ, হৃদরোগ, স্ট্রোকঃ
হ্যাঁ | না

ডায়াবেটিকস:
হ্যাঁ | না

কিডনি রোগ:
হ্যাঁ | না

শ্বাসতন্ত্রের রোগ (টিবি, সিওপিডি, এ্যাজমা):
হ্যাঁ | না

ক্যান্সার:
হ্যাঁ | না

কখনো কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন কিনা:
হ্যাঁ | না

নিচের স্ক্রিনে পেশা এবং কোভিড-১৯ কাজের সাথে সরাসরি জড়িত কিনা তা নির্বাচন করুণ।

**পেশা ও অন্যান্য**

কোভিড-১৯ কাজের সাথে সরাসরি জড়িত:
হ্যাঁ | না

পেশা:
--নির্বাচন করুণ--

এ পর্যায়ে নিচের স্ক্রিনে বর্তমান ঠিকানা (বিভাগ, জেলা, উপজেলা/থানা/সিটিকর্পোরেশন, ইউনিয়ন/পৌরসভা ইত্যাদি নির্বাচন করুণ)

**বর্তমান ঠিকানা**

বিভাগ:
--নির্বাচন করুণ--

জেলা:
--নির্বাচন করুণ--

উপজেলা/থানা:
--নির্বাচন করুণ--

ইউনিয়ন:
--নির্বাচন করুণ--

ওয়ার্ড:
--নির্বাচন করুণ--


গ্রাম/পাড়া/মহল্লা:

যে কেন্দ্রে ভ্যাকসিন গ্রহণ করতে ইচ্ছুক তা নির্বাচন করুণ। উল্লেখ্য নির্বাচিত উপজেলা অনুযায়ী কেন্দ্র প্রাপ্ত হবে।


**যে কেন্দ্রে টিকা নিতে ইচ্ছুক**

কেন্দ্রের নাম:
--নির্বাচন করুণ--

নিচের স্ক্রিন হতে "**সংরক্ষণ করুণ**" বাটনে ক্লিক করুণ





সবশেষে মোবাইলে SMS এর মাধ্যমে প্রাপ্ত OTP কোড দিয়ে "**স্ট্যাটাস যাচাই**" বাটনে ক্লিক করে নিবন্ধন সম্পন্ন করুণ।





অভিনন্দন! আপনার নিবন্ধন সফলভাবে সম্পন্ন হয়েছে। এখন যেকোন সময় আপনি টিকা কার্ড অনলাইনে **www.surokkha.gov.bd** ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারবেন।

## টিকা কার্ড সংগ্রহ

"**টিকা কার্ড সংগ্রহ**" বাটনে ক্লিক করলে নিচের মত স্ক্রিন আসবে, এখানে জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্মতারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) ও ক্যাপচা কোড দিয়ে "**যাচাই করুণ**" বাটনে ক্লিক করতে হবে।





নিবন্ধনের সময় প্রদানকৃত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাপ্ত OTP কোড ব্যবহার করে "**ভ্যাকসিন কার্ড ডাউনলোড**" বাটনে ক্লিক করে ভ্যাকসিন কার্ড ডাউনলোড করতে পারবেন। মোবাইলে OTP না পেলে "**পুনরায় OTP পাঠান**" বাটনে ক্লিক করুণ।




## নিবন্ধন স্ট্যাটাস

"**নিবন্ধন স্ট্যাটাস**" বাটনে ক্লিক করলে নিচের মত স্ক্রিন আসবে, এখানে জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্মতারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) ও ক্যাপচা কোড দিয়ে "**যাচাই করুণ**" বাটনে ক্লিক করতে হবে।




নিবন্ধনের সময় প্রদানকৃত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাপ্ত OTP কোড ব্যবহার করে "**স্ট্যাটাস যাচাই**" বাটনে ক্লিক করুণ।

জাতীয় পরিচয়পত্র নম্বর: 3730050048

জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): 16/11/1982

যাচাই করুণ

আপনার 017xxxxxx06 মোবাইল নাম্বারে OTP প্রেরণ করা হয়েছে।সর্বোচ্চ ৫ (পাঁচ) মিনিটের মধ্যে OTP পেয়ে যাবেন। অনুগ্রহপূর্বক অপেক্ষা করুন। OTP পাওয়ার ৫ (পাঁচ) মিনিটের মধ্যে ব্যবহার করতে হবে। OTP না পেলে বা মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলে পুনরায় চেষ্টা করুন

পুনরায় OTP পাঠান

স্টেটাস যাচাই

SMS এর মাধ্যমে প্রাপ্ত OTP কোড সঠিক হলে নিচের মত নিবন্ধনের অবস্থা জানতে পারবেন।

অভিনন্দন! আপনার নিবন্ধন সম্পন্ন হয়েছে.. টিকার প্রথম ডোজের তারিখ SMS এর মাধ্যমে জানানো হবে..

জাতীয় পরিচয়পত্র নম্বর: 3730050048

জন্ম তারিখ (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী): 16/11/1982

## টিকা কেন্দ্রে ভ্যাকসিন গ্রহণ

SMS এর মাধ্যমে প্রাপ্ত ভ্যাকসিন গ্রহণের তারিখে নির্দিষ্ট টিকা কেন্দ্রে ভ্যাকসিন কার্ড ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে নিয়ে স্ব-শরীরে উপস্থিত হয়ে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ করুণ।

## ভ্যাকসিন সনদ সংগ্রহ

কোভিড-১৯ ভ্যাকসিনের ২টি ডোজ সম্পন্ন হলে www.surokkha.gov.bd ওয়েব পোর্টাল হতে **ভ্যাকসিন কার্ড** সংগ্রহ করা যাবে।